“কিয়ামতের দিনে মুমিন ব্যক্তিকে তার প্রভুর নিকটবর্তী করা হবে। তারপর আল্লাহ তা’আলা তার উপর পর্দা ঢেলে দিবেন এবং তার পাপের ব্যাপারে তার থেকে জবানবন্দি নিবেন

সাফওয়ান ইবনু মুহরিয থেকে বর্ণিত। তিনি বলেন, এক লোক ইবনু উমfর রাদিয়াল্লাহু আনহুমাকে প্রশ্ন করলেন, নাজওয়া (আল্লাহ ও বান্দার গোপন কথা) সম্পর্কে আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কিভাবে শুনেছেন? তিনি বললেন, আমি তাকে বলতে শুনেছি, “কিয়ামতের দিনে মুমিন ব্যক্তিকে তার প্রভুর নিকটবর্তী করা হবে। তারপর আল্লাহ তা’আলা তার উপর পর্দা ঢেলে দিবেন এবং তার পাপের ব্যাপারে তার থেকে জবানবন্দি নিবেন। তিনি প্রশ্ন করবেন, তুমি তোমার পাপ সম্বন্ধে জান কি? সে বলবে, হে
রব! আমি জানি। এরপর তিনি বলবেন, তোমার এ পাপ দুনিয়ায় আমি লুক্কায়িত রেখেছিলাম। আজ তোমার এ পাপগুলোকে আমি মাফ করে দিলাম। এরপর তার নেকীর ’আমলনামা তার কাছে দেয়া হবে। এরপর কাফির ও মুনাফিক লোকদেরকে উপস্থিত সকল মানুষের সম্মুখে ডেকে বলা হবে, এরাই
তারা যারা আল্লাহ তা’আলার উপর মিথ্যারোপ করেছে”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কিয়ামতের দিন আল্লাহর মুমিন বান্দার সাথে তার গোপন মুনাজাত সম্পর্কে সংবাদ দিয়ে বলেন: কিয়ামতের দিন মুমিনকে তার রবের নিকটবর্তী করা হবে এবং অবস্থানরত সবার আড়াল করে তার উপর পর্দা ঢেলে দেওয়া হবে, যেন তার গোপন কথার উপর কেউ অবগত হতে না পারে এবং তিনি তাকে বললেন: তুমি কি এই পাপ, এই পাপ মনে কর... যেসব পাপ তার রব ও তার মাঝে রয়েছে সেগুলো তাকে স্বীকার করাবেন। সে বলবে: হ্যাঁ, হে রব। অবশেষে যখন মুমিন আতঙ্কিত হবে এবং ভয় পাবে, আল্লাহ তা‘আলা তাকে বলবেন: দুনিয়াতে আমি এগুলো তোমার উপর ঢেকে রেখেছি এবং আজ এগুলো তোমাকে ক্ষমা করে দিব, তারপর তার নেকির আমলনামা তাকে দেওয়া হবে। কিন্তু কাফির ও মুনাফিককে সবার সামনে ডাকা হবে: এরাই তাদের রবের উপর মিথ্যারোপ করেছে, জেনে রেখ, জালিমদের উপর আল্লাহর লানত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4242